

## সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ২. পেশাব করার স্থান নিরূপণ সম্পর্কে।

باب الرَّجُلِ يَتَبَوَّأُ لِبَوْلِهِ

## আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادُ، أَخْبَرَنَا أَبُو التَّيَّاحِ، حَدَّثَنِي شَيْخُ، قَالَ لَمَّا قَدِمَ عَبْدُ اللَّهِ بْنُ عَبَّاسٍ الْبَصْرَةَ فَكَانَ يُحَدَّثُ عَنْ أَبِي مُوسَى، فَكَتَبَ عَبْدُ اللَّهِ إِلَى أَبِي مُوسَى عَبْدُ اللَّهِ إِلَى أَبِي مُوسَى عَبْدُ اللَّهِ إِلَى أَبِي مُوسَى يَسْأَلُهُ عَنْ أَشْيَاءَ، فَكَتَبَ إِلَيْهِ أَبُو مُوسَى إِنِّي كُنْتُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قارات يَوْم فَأَرَادَ أَنْ يَبُولَ فَأَتَى دَمِثًا فِي أَصْل جِدَارٍ فَبَالَ ثُمَّ قَالَ صلى الله عليه وسلم إِذَا أَرَادَ أَنْ يَبُولَ فَلْيَرْتَدْ لِبَوْلِهِ مَوْضِعًا ".

(ضعيف (الألباني)

## বাংলা

৩. মূসা ইবনু ইসমাঈল আবৃ তাইয়াহ্ হতে বর্ণিত তিনি বলেন, একজন শায়েখ আমার নিকট বর্ণনা করেছেনঃ আবদুল্লাহ্ ইবনু আব্বাস (রাঃ) যখন বসরায় গমন করেন, তখন তাঁর নিকট আবৃ মূসা (রাঃ) -র সূত্রে কয়েকটি হাদীছ বর্ণনা করা হয়। . আবদুল্লাহ্ (রাঃ) আবৃ মূসা (রাঃ) -র নিকট কয়েকটি বিষয় সম্পর্কে জিজ্ঞেস করে একখানা পত্র লেখেন। জবাবে . আবৃ মূসা (রাঃ) লেখেন, একদা আমি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লামের সাথে ছিলাম। তখন তিনি পেশাব করবার ইরাদা করেন। অতঃপর তিনি একটি প্রাচীরের পাদদেশের নরম ঢালু জায়গায় গমন করে পেশাব করলেন। পরে তিনি সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের কেউ যখন পেশাব করবার ইরাদা করে, তখন পেশাবের জন্য সে যেন নীচু নরম স্থান নিরূপণ করে (কারণ নরম মাটিতে বা উচু থেকে নীচুতে ঢালু জায়গায় পেশাব করলে তা শরীরে লাগার সম্ভাবনা থাকে না। অনুরূপভাবে পেশাবখানা নির্মাণ করতে হয়)।

## **English**

Abu al-Tayyah reported on the authority of a shaykh (an old man):



When Abdullah ibn Abbas came to Basrah, people narrated to him traditions from AbuMusa. Therefore Ibn Abbas wrote to him asking him about certain things. In reply AbuMusa wrote to him saying: One day I was in the company of the Messenger of Allah (ﷺ). He wanted to urinate. Then he came to a soft ground at the foot of a wall and urinated. He (the Prophet) then said: If any of you wants to urinate, he should look for a place (like this) for his urination.

Grade: Da'if (Al-Albani)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন